



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১০.০০০০.০২৯.০০.২০২১. ৭৬৬

তারিখঃ ১০ শ্রাবণ ১৪২৮
২৫ জুলাই ২০২১

বিষয়ঃ এডিস মশার বিস্তার নিয়ন্ত্রণে চিরুনী অভিযান পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৭ জুলাই ২০২১ থেকে ০৭ আগস্ট ২০২১ পর্যন্ত ১০ (দশ) দিন ব্যাপী (শুক্রবার ব্যতিত) সকাল- ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৫৪ (চুয়ান্ন) টি ওয়ার্ডে নগরবাসীকে সচেতন করা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংস করার লক্ষ্যে মশক নিধনে চিরুনী অভিযান পরিচালনা করা হবে। বর্ণিত চিরুনী অভিযানে মশক নিধন কর্মীদের পাশাপাশি, পরিচ্ছন্ন কর্মী এবং প্রয়োজনীয় ক্ষেত্রে প্রকৌশল শাখার সংশ্লিষ্ট কর্মচারীগণ অংশ গ্রহন করবেন। চিরুনী অভিযানে প্রতিটি ওয়ার্ডকে ১০ টি ব্লকে ভাগ করে প্রতিদিন ০১ ভাগে চিরুনী অভিযান পরিচালনা করতে হবে। এখানে উল্লেখ্য প্রতিটি ব্লককে পুনরায় ১০টি সাব-ব্লকে ভাগ করে প্রতিটি সাব-ব্লকে ১ জন মশক কর্মী এবং ৪ জন পরিচ্ছন্ন কর্মীর সমন্বয়ে গঠিত দল একত্রে লার্ভিসাইডিং এবং এডিস মশার প্রজননস্থল সনাক্ত, অপসারণ ও ধ্বংস করবেন। ওয়ার্ড পর্যায়ে পরিচালিত চিরুনী অভিযান কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট ওয়ার্ডে কর্মরত ওয়ার্ড সচিব, মশক সুপারভাইজার, পরিচ্ছন্ন পরিদর্শক এবং কার্যসহকারীগণ সুপারভিশনের দায়িত্ব পালন করবেন। বর্ষা মৌসুমে এডিস মশা এবং ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে কার্যকর চিরুনী অভিযানের মাধ্যমে এডিস মশার প্রজনন নিয়ন্ত্রণ এবং নগরবাসীকে সচেতন করা সম্ভব।

এমতাবস্থায় আগামী ২৭ জুলাই ২০২১ থেকে ০৭ আগস্ট ২০২১ পর্যন্ত ১০ (দশ) দিন ব্যাপী প্রতিদিন সকাল- ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৫৪ (চুয়ান্ন) টি ওয়ার্ডে নগরবাসীকে সচেতন করা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংস করার লক্ষ্যে মশক নিধন চিরুনী অভিযান পরিচালনার ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

“বিষয়টি অতীব জরুরী”

কার্যার্থে:- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, (সকল) ডিএনসিসি।
- ২। নির্বাহী প্রকৌশলী, (সকল) ডিএনসিসি।
- ৩। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, (সকল) ডিএনসিসি।
- ৪। সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, (সকল) ডিএনসিসি।

স্মারক নং ৪-৪৬.১০.০০০০.০২৯.০০.২০২১. ৭৬৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং..... সংরক্ষিত আসন নং..... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। বিভাগীয় প্রধান (সকল) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও লাইন ডাইরেক্টর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।

স্বাক্ষরিত/-

ব্রি জেনারেল মোঃ জোবায়দুর রহমান
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
ফোন-০২২২২২২৯৪০৮৯
ইমেইলঃ cho@dncc.gov.bd

তারিখঃ ২৫/০৭/২০২১ খ্রিঃ

উপ-প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।